দৈনিক ইনকিলাব

DEC. 29 2001

THE BANGLADESH OBSERVER

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৮ কলাম ... ৪....

# নির্ধারিত সময়ে বিনামূল্যের বই বিতরণ কার্যক্রম সম্পন্ন না হবার আশঙ্কা

সামছুল ইসলাম ।। আগামী জানুয়ারী মাসের প্রথম সপ্তাহ থেকে সারাদেশে বিনামূল্যে বই বিতরণ শুরু হচ্ছে। চলতি বছর ৩৭ হাজার ৬শ' ৭৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ প্রায় ৭৬ হাজার ৮শ' ৯টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর মাঝে ৬ কোটি ৪ লাখ বই বিতরণ করা হবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নির্ধারিত সময়ের মধ্যে ছাত্র-ছাত্রীদের হাতে বই বিতরণের প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু বেশকিছু প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে নতুন বই সরবরাহ করতে ব্যর্থ হওয়ায় জানুয়ারী মাসের মধ্যে বই বিতরণ কার্যক্রম সম্পন্ন না হবার আশঙ্কা দেখা দিয়েছে। নির্ধারিত সময়ে বই সরবরাহ করতে ব্যর্থ হওয়ায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## বই বিতরণ

৮-এর পৃষ্ঠার পর

(এনসিটিবি) ১৭টি প্রেসের বিরুদ্ধে মামলা দায়ের করেছে।

উল্লেখ্য, গত বছর আওয়ামী লীগ সরকারের শাসনামলে প্রায় ৫ কোটি বিনামূল্যের বই ছাপানোর ঘটনা নিয়ে কেলেংকারি সৃষ্টি হয়। ফলে ঐ সময়ে জানুয়ারী মাসের পরিবর্তে বিনামূল্যের বই বিতরণ কার্যক্রম জুলাই মাস পর্যন্ত অব্যাহত ছিল। এতে ছাত্র-ছাত্রীদের পড়ালেখা মারাত্মকভাবে বিঘ্নিত হয়। অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকারাও চরম উৎকণ্ঠায় দিন কাটান।

একটি নির্ভরযোগ্য সূত্র জানায়, এনসিটিবি গত নভেম্বর মাসে প্রথম দফায় ৪ কোটি ৭৩ লাখ বিনামূল্যের বই ছাপানোর লক্ষ্যে ১শ' ৫০টি প্রেসকে কার্যাদেশ প্রদান করে।

এসব প্রেস গত ২৫ ডিসেম্বর পর্যন্ত ১ কোটি ৬১ লাখ ১২ হাজার ৯শ' ৯৭টি বই সরবরাহ করতে সক্ষম হয়েছে। ১৭টি প্রেস নির্ধারিত সময়ে বই সরবরাহ করতে ব্যর্থ হওয়ায় এনসিটিবি তাদের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। এসব প্রেসকে কালো তালিকাভুক্ত করা হয়েছে।

সূত্রমতে, গত সপ্তাহে এনসিটিবি দ্বিতীয় দফায় ১ কোটি ৩১ লাখ নতুন বই ছাপানোর লক্ষ্যে ৭৫টি প্রেসকে কার্যাদেশ প্রদান করেছে। তবে কালো তালিকাভুক্ত ১৭টি প্রেসকে দ্বিতীয় দফায় কার্যাদেশ দেয়া হয়নি। এসব নতুন বই আগামী ১৫ জানুয়ারীর মধ্যে সরবরাহের কথা। চলতি বছর প্রাথমিক বিদ্যালয় পর্যায়ের বাংলা ও সমাজ বইটি পরিবর্তন করা হয়েছে। চলতি বছর ১ কোটি ৭৬ লাখ ৬৭ হাজার ৯৮৫ জন ছাত্রছাত্রীর মাঝে বিনামূল্যের বই বিতরণ করা হবে। সারাদেশে যেসব শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের মাঝে বিনামূল্যের বই বিতরণ করা হবে তা হচ্ছে ৩৭ হাজার ৬৩৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৫৩টি পিটিআই স্কুল, ১৯ হাজার ২৫৩টি রেজিস্টার্ড নন গভঃ প্রাইমারী স্কুল, ৩ হাজার ৬১টি কমিউনিটি স্কুল, ৩ হাজার ৮৮৪টি স্যাটেলাইট স্কুল, ১ হাজার ২২০টি হাই স্কুল অ্যাটাস্ট প্রাইমারী সেকশন, ২ হাজার ১২৬টি নন-রেজিস্টার্ড প্রাইমারী স্কুল, ২ হাজার ২৯৬টি কেজি কিন্ডারগার্টেন ও ৯২টি এনজিও প্রাইমারী স্কুল।

এদিকে চাঁদাবাজ ও পুলিশের উপদ্রবে বিনামূল্যের বই সরবরাহ কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। সম্প্রতি নগরীর জিন্দাবাহার এলাকায় চাঁদাবাজদের উপদ্রবের দরুন একটি প্রেসে দু'দিন বই ছাপার কাজ বন্ধ থাকে। পরে সংশ্লিষ্ট প্রতিমন্ত্রীর হস্তক্ষেপে ঐ প্রেসটি চালু করা হয়। সম্প্রতি বিনামূল্যের বইয়ের ট্রাক মৌলভীবাজার, বরিশাল, কক্সবাজার এলাকায় চাঁদাবাজদের দ্বারা আক্রান্ত হয়। গত সপ্তাহে ডেমরার যাত্রাবাড়ী এলাকায় ট্রাফিক পুলিশ বিনামূল্যের বইয়ের ১টি ট্রাক আটক করে ৮০০ টাকা আদায় করেছে বলে অভিযোগ পাওয়া গেছে।

এনসিটিবি'র সদস্য কবির মজুমদার ইনকিলাবের সাথে আলাপকালে বলেন, ৪০% নতুন বই ৬৪টি জেলায় প্রেরণ করা হয়েছে। জানুয়ারী মাসের মধ্যেই বিনামূল্যের সকল বই ছাত্রছাত্রীদের মাঝে বিতরণ করা সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।